
দি ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড-এর ত্রৈমাসিক মুখপত্র

# প্রসঙ্গ বিদ্যুৎ

সংখ্যা ৪ • ২০২৩

## জাতির সেবায় ৫০ বছর সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র







## সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রের সুবর্ণজয়ন্তী বর্ষ উদ্‌যাপন

প্রদীপ প্রজ্জ্বলন করে উদ্বোধন করছেন মাননীয় মন্ত্রী শ্রী অরূপ বিশ্বাস মহাশয়, বিদ্যুৎ, আবাসন, যুবকল্যাণ এবং ক্রীড়া দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার। উপস্থিত রয়েছেন ড. পি বি সেলিম, আইএএস, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ডব্লুবিপিডিসিএল এবং সচিব, মুখ্যমন্ত্রীর কার্যালয়, পশ্চিমবঙ্গ সরকার এবং শ্রী অলোক কুমার ঘোষ, জেনারেল ম্যানেজার, সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র।

# সূ • চী • প • ত্র


| | |
|---|---|
| সম্পাদকীয় | ২ |
| নিগম সমাচার- সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রে সুবর্ণজয়ন্তী অনুষ্ঠান | ৩-৬ |
| নিগম সমাচার | ৪-১৩ |
| সচেতনতা | ১৪-১৮ |
| সাংস্কৃতিক ও সামাজিক কর্মকাণ্ড | ১৮-২০ |
| খেলাধুলা | ২০-২২ |
| সাফল্য ও কৃতিত্ব | ২২-২৩ |
| সহকর্মীদের অবসরের তালিকা | ২৪ |


# সম্পাদকীয়

ডব্লুবিপিডিসিএল-এর আভ্যন্তরীণ মুখপত্র প্রসঙ্গ বিদ্যুৎ-এর ২০২৩ সালের চতুর্থ সংখ্যাটি প্রকাশিত হল। এই সময় কালের মধ্যেই অতিবাহিত হল উৎসবের মরসুম। ঈদ-উদ-জোহা থেকে শুরু করে বাঙালীর শ্রেষ্ঠ উৎসব শারদীয়া এবং ক্রমে ক্রমে দীপাবলি, ছট পুজো, বড়দিনের মত উৎসবে সামিল হয়েছে রাজ্যের মানুষ। কিন্তু সমস্ত উৎসবের মধ্যেও বিদ্যুৎ উৎপাদনে আমাদের প্রতিষ্ঠান ছিল সদা অবিচল। ২৪ ঘন্টা কাজ করেছেন আমাদের ইঞ্জিনিয়ার, আধিকারিক ও কর্মীরা। এরই মধ্যে রাজ্য তথা দেশের সেবায় ৫০ বছর পূর্ণ করেছে আমাদের সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রটি। মাননীয় বিদ্যুৎ মন্ত্রী শ্রী অরূপ বিশ্বাস মহাশয়ের উজ্জ্বল উপস্থিতিতে বর্ণময় হয়ে উঠেছে সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রের সুবর্ণজয়ন্তী বর্ষ উদ্‌যাপন অনুষ্ঠান। অন্যদিকে রাজ্যে প্রথম সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পে ৬৬০ মেগাওয়াট সুপার ক্রিটিকাল ইউনিটের সূচনা হতে চলেছে খুব শীঘ্রই। ঘটনা বহুল এই সময়ে আমাদের সকল স্তরের কর্মীদের কঠোর শ্রম ও দৃঢ় সংকল্প আমাদের প্রতিষ্ঠানকে এমন এক উচ্চতায় নিয়ে গেছে যা আমাদের অত্যন্ত গর্বের বিষয়।

প্রসঙ্গ বিদ্যুৎ-এর মাধ্যমে আপনাদের সকলকে জানাই আমাদের আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

সবাই ভালো থাকবেন

সম্পাদকমন্ডলী



"গাহি সাম্যের গান—
যেখানে আসিয়া এক হয়ে গেছে সব বাধা-ব্যবধান,
যেখানে মিশেছে হিন্দু-বৌদ্ধ-মুসলিম-ক্রীশ্চান
গাহি সাম্যের গান!"

— নজরুল ইসলাম

প্রসঙ্গ বিদ্যুৎ
দি ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড-এর ত্রৈমাসিক মুখপত্র

# সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রে সুবর্ণজয়ন্তী বর্ষ উদযাপন



*সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রে নবনির্মিত জিরো লিকুইড ডিসচার্জড-প্রকল্পের উদ্বোধন করছেন শ্রী অরূপ বিশ্বাস মহাশয়, মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, আবাসন, যুবকল্যাণ এবং ক্রীড়া দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার*

১৯ -২০ জানুয়ারি, ২০২৪ **সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রে** সুবর্ণজয়ন্তী বর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে বিভিন্ন বর্ণাঢ্য সাংস্কৃতিক এবং সামাজিক কর্তব্যমূলক অনষ্ঠানের আয়োজন করা হয়। এই ঐতিহাসিক অনুষ্ঠানের প্রধান অতিথিরূপে উপস্থিত ছিলেন শ্রী অরূপ বিশ্বাস মহাশয়, মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, আবাসন, যুবকল্যাণ এবং ক্রীড়া দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার, শ্রীমতি সন্ধ্যা রানী টুডু, রাষ্ট্রমন্ত্রী (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত), পশ্চিমবঙ্গ সরকার, শ্রীমতি নিবেদিতা মাহাতো, সভাধিপতি, পুরুলিয়া জেলা পরিষদ। এছাড়াও উপস্থিত ছিলেন ডব্লুবিপিডিসিএল-এর চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর ড. পি বি সেলিম, আইএএস এবং সচিব, মুখ্যমন্ত্রীর কার্যালয়, পশ্চিমবঙ্গ সরকার, শ্রী দেবকুমার গুপ্ত, ডিরেক্টর (এফ অ্যান্ড এ) অ্যান্ড কোম্পানী সেক্রেটারী, শ্রী উৎপল ভদ্র, আইএএস, চিফ্ ভিজিলেন্স অফিসার অ্যান্ড এক্স-অফিসিও, শ্রীমতি শান্তা প্রধান, ডিরেক্টর (এইচআর), শ্রী সুব্রত মণ্ডল, ডিরেক্টর (ও অ্যান্ড এম) ও জেলা প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকবৃন্দ।

দুইদিনব্যাপী এই অনুষ্ঠানকে সাফল্যমণ্ডিত করতে শুধু সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রের সকল কর্মচারী ও তাদের পরিবারবর্গই নয়, সমস্ত ঠিকাকর্মীবৃন্দ এবং অসংখ্য স্থানীয় মানুষও অংশগ্রহণ করেন।

সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রের পক্ষ থেকে সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে একটি বিশেষ লোগো প্রকাশ করা হয় এবং সমগ্র উপনগরীকে আলোকমালায় সজ্জিত করা হয়। ১৯ জানুয়ারি সকালে সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রে জিরো লিকুইড ডিসচার্জ প্রকল্পের উদ্বোধন করেন শ্রী অরূপ বিশ্বাস মহাশয়, মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, আবাসন, যুবকল্যাণ এবং ক্রীড়া দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার, উপস্থিত ছিলেন ড. পি বি সেলিম, আইএএস, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ডব্লুবিপিডিসিএল এবং সচিব, মুখ্যমন্ত্রীর কার্যালয়, পশ্চিমবঙ্গ সরকার ও ডব্লুবিপিডিসিএল-এর অন্যান্য ডিরেক্টরগণ এবং উচ্চপদস্থ আধিকারিকবৃন্দ। এরপর মাননীয় অতিথিরা সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করেন ও একটি উচ্চপর্যায়ের বৈঠক সম্পন্ন করেন।



*সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র কন্ট্রোল রুম পরিদর্শন করছেন শ্রী অরূপ বিশ্বাস মহাশয়, মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, আবাসন, যুবকল্যাণ এবং ক্রীড়া দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার*



*সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রের পাওয়ার হাউস বিল্ডিং-এর কনফারেন্স রুমে অনুষ্ঠিত উচ্চপর্যায়ের বৈঠকে শ্রী অরূপ বিশ্বাস মহাশয়, মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, আবাসন, যুবকল্যাণ এবং ক্রীড়া দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার। উপস্থিত রয়েছেন ড. পি বি সেলিম, আইএএস, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ডব্লুবিপিডিসিএল এবং সচিব, মুখ্যমন্ত্রীর কার্যালয়, পশ্চিমবঙ্গ সরকার, ডব্লুবিপিডিসিএল-এর অন্যান্য ডিরেক্টরগণ এবং উচ্চপদস্থ আধিকারিকবৃন্দ।*

সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রের উপনগরীতে সুবর্ণজয়ন্তী বর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে ২টি সুসজ্জিত ট্যাবলো, ঐতিহ্যবাহী ছৌ নৃত্য, মহিলা ঢাকির কলা প্রদর্শন, আদিবাসী নৃত্য সহকারে এক বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়। এই শোভাযাত্রায় স্থানীয় বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীসহ প্রায় ৮০০জন অংশগ্রহণ করেন।



এই দিন তাপবিদ্যুৎ কেন্দ্রে গোল্ডেন জুবিলী পার্কসহ উপনগরীতে নবনির্মিত গেস্ট হাউস 'শিমূলবীথি', সুইমিং পুল, সভাগৃহ ও গোল্ডেন জুবিলী লোগো-র উদ্বোধন করেন শ্রী অরূপ বিশ্বাস মহাশয়, মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, আবাসন, যুবকল্যাণ এবং ক্রীড়া দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার। সেখানেও উপস্থিত ছিলেন ড. পি বি সেলিম, আইএএস, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ডব্লুবিপিডিসিএল এবং সচিব, মুখ্যমন্ত্রীর কার্যালয়, পশ্চিমবঙ্গ সরকার, ডব্লুবিপিডিসিএল-এর অন্যান্য ডিরেক্টরগণ এবং উচ্চপদস্থ আধিকারিকবৃন্দ।




*সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রের নবনির্মিত গোল্ডেন জুবিলী পার্ক উদ্বোধনের পর পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যুৎ, আবাসন, যুবকল্যাণ এবং ক্রীড়া দপ্তরের মাননীয় মন্ত্রী শ্রী অরূপ বিশ্বাস মহাশয়-এর সাথে উপস্থিত শ্রীমতি সন্ধ্যা রানী টুডু, রাষ্ট্রমন্ত্রী (স্বাধীন দায়িত্বপ্রাপ্ত), পশ্চিমবঙ্গ সরকার, শ্রীমতি নিবেদিতা মাহাতো, সভাধিপতি, পুরুলিয়া জেলা পরিষদ, ডব্লুবিপিডিসিএল-এর চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর ড. পি বি সেলিম, আইএএস এবং সচিব, মুখ্যমন্ত্রীর কার্যালয়, পশ্চিমবঙ্গ সরকার, শ্রী উৎপল ভদ্র, আইএএস, চিফ্ ভিজিলেন্স অফিসার অ্যান্ড এক্স-অফিসিও, শ্রীমতি শান্তা প্রধান, ডিরেক্টর (এইচআর), শ্রী সুব্রত মণ্ডল, ডিরেক্টর (ওঅ্যান্ডএম), শ্রী কৌশিক দত্ত, এক্সিকিউটিভ ডিরেক্টর (ওএস), শ্রী সুস্নাত আইচ, এক্সিকিউটিভ ডিরেক্টর (এফএম), শ্রী অলোক কুমার ঘোষ, জেনারেল ম্যানেজার, সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র*

# নিগম সমাচার

সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানের মূল মঞ্চে প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা করেন শ্রী অরূপ বিশ্বাস মহাশয়, মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, আবাসন, যুবকল্যাণ এবং ক্রীড়া দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার এবং ড. পি বি সেলিম, আইএএস, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ডব্লুবিপিডিসিএল এবং সচিব মুখ্যমন্ত্রীর কার্যালয়, পশ্চিমবঙ্গ সরকার। সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রের জেনারেল ম্যানেজার শ্রী অলোক কুমার ঘোষ মঞ্চে উপস্থিত প্রধান অতিথিদের পুষ্পস্তবক, উত্তরীয় ও স্মারক দিয়ে সংবর্ধনা জ্ঞাপন করেন। প্রথম দিনের সান্ধ্যকালীন সাংস্কৃতিক অনুষ্ঠানে সকলের মন জয় করে নেন স্বনামধন্য গায়িকাদ্বয় শ্রীমতি জয়তি চক্রবর্তী ও শ্রীমতি লোপামুদ্রা মিত্র।



*সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রের ৫০ বছর পূর্তি অনুষ্ঠানে মহিলা ঢাকিদের কলাকৌশল প্রদর্শনীর একটি মুহূর্ত*



দ্বিতীয় দিনে অনুষ্ঠানের সূচনা হয় এলাকার পারিপার্শ্বিক দুঃস্থ ব্যক্তিবর্গদের জন্য মেডিকেল ক্যাম্প দিয়ে। উপস্থিত ছিলেন ডিসান হসপিটাল ও বিবেকানন্দ হসপিটালের বিভিন্ন বিভাগের ডাক্তারবাবুরা। ঐদিন একই সঙ্গে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য বসে আঁকো প্রতিযোগিতা ও তাৎক্ষণিক ক্যুইজ-এর আয়োজন করা হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে ছিল উপনগরীর আধিবাসীবৃন্দের বিশেষ প্রযোজনা নৃত্যগীতনাট্য 'ঋতুরঙ্গ' এবং দ্যা অনুপম রায় ব্যান্ড। অনুষ্ঠানে বিশেষ অতিথিরূপে উপস্থিত ছিলেন শ্রী প্রদীপ্ত মুখার্জী, জেনারেল ম্যানেজার, বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র। সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রের জেনারেল ম্যানেজার শ্রী অলোক কুমার ঘোষ-এর ধন্যবাদ জ্ঞাপন বক্তব্যের মধ্য দিয়ে সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।




*সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রের ৫০ বছর পূর্তি অনুষ্ঠানে সুসজ্জিত ট্যাবলোসহ শোভাযাত্রার বিশেষ মুহূর্ত*



সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানে পশ্চিমবঙ্গ সরকারের বিদ্যুৎ, আবাসন, যুবকল্যাণ এবং ক্রীড়া দপ্তরের মাননীয় মন্ত্রী, শ্রী অরূপ বিশ্বাস মহাশয়কে সংবর্ধনা জ্ঞাপন করছেন শ্রী অলোক কুমার ঘোষ, জেনারেল ম্যানেজার, সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র




সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানে ডব্লুবিপিডিসিএল-এর চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর এবং সচিব, মুখ্যমন্ত্রীর কার্যালয়, পশ্চিমবঙ্গ সরকার, ড. পি বি সেলিম, আইএএস-কে সংবর্ধনা জ্ঞাপন করা হচ্ছে



সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানে ডব্লুবিপিডিসিএল-এর ডিরেক্টর (এফ অ্যান্ড এ) অ্যান্ড কোম্পানী সেক্রেটারী, শ্রী দেবকুমার গুপ্ত মহাশয়-কে সংবর্ধনা জ্ঞাপন করার বিশেষ মুহূর্ত



সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানে আয়োজিত সাংবাদিক সম্মেলনে উপস্থিত শ্রী অরূপ বিশ্বাস মহাশয়, মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, আবাসন, যুবকল্যাণ এবং ক্রীড়া দপ্তর এবং ড. পি বি সেলিম, আইএএস, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ডব্লুবিপিডিসিএল এবং সচিব, মুখ্যমন্ত্রীর কার্যালয়, পশ্চিমবঙ্গ সরকার







সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখছেন শ্রী অরূপ বিশ্বাস মহাশয়, মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, আবাসন, যুবকল্যাণ এবং ক্রীড়া দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার এবং ড. পি বি সেলিম, আইএএস, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ডব্লুবিপিডিসিএল এবং সচিব, মুখ্যমন্ত্রীর কার্যালয়, পশ্চিমবঙ্গ সরকার

## দি ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড-এর অধীনে নির্মীয়মাণ প্রকল্প

### ক) সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পের ১x৬৬০ মেগাওয়াট সুপার ক্রিটিক্যাল ইউনিট :



*ভারত হেভি ইলেক্ট্রিক্যালস্ লিমিটেড-এর চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, শ্রী কে এস মূর্তি-কে পুষ্পস্তবক দিয়ে সংবর্ধনা জানাচ্ছেন ড. পি বি সেলিম, আইএএস, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ডব্লুবিপিডিসিএল এবং সচিব, মুখ্যমন্ত্রীর কার্যালয়, পশ্চিমবঙ্গ সরকার*



*ভারত হেভি ইলেক্ট্রিক্যালস্ লিমিটেড-এর চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, শ্রী কে এস মূর্তি-কে স্বাগত জানাচ্ছেন শ্রী অসিত কুমার মুখার্জি, ডিরেক্টর (প্রজেক্টস), ডব্লুবিপিডিসিএল*

১৫ ডিসেম্বর, ২০২৩, সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পের অগ্রগতি ত্বরান্বিত করতে ডব্লুবিপিডিসিএল -এর সদর কার্যালয় বিদ্যুৎ উন্নয়ন ভবনে একটি উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন ড. পি বি সেলিম, আইএএস, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ডব্লুবিপিডিসিএল এবং সচিব, মুখ্যমন্ত্রীর কার্যালয়, পশ্চিমবঙ্গ সরকার, শ্রী কে এস মূর্তি, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ভারত হেভি ইলেক্ট্রিক্যালস্ লিমিটেড এবং ডব্লুবিপিডিসিএল- এর ডিরেক্টরগণ ও অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকবৃন্দ।



*প্রকল্পের অগ্রগতি ত্বরান্বিত করতে আয়োজিত বৈঠকে ড. পি বি সেলিম, আইএএস, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ডব্লুবিপিডিসিএল এবং সচিব, মুখ্যমন্ত্রীর কার্যালয়, পশ্চিমবঙ্গ সরকারসহ ডব্লুবিপিডিসিএল-এর অন্যান্য ডিরেক্টরগণ এবং শ্রী কে এস মূর্তি, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ভারত হেভি ইলেক্ট্রিক্যালস্ লিমিটেড*



*ভারত হেভি ইলেক্ট্রিক্যালস্ লিমিটেড-এর চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, শ্রী কে এস মূর্তি-কে স্বাগত জানাচ্ছেন শ্রী দেবকুমার গুপ্ত, ডিরেক্টর (এফ অ্যান্ডএ) অ্যান্ড কোম্পানী সেক্রেটারী, ডব্লুবিপিডিসিএল*






১৩-১৪ ডিসেম্বর, ২০২৩ সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প পরিদর্শন করেন শ্রী কে এস মূর্তি, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ভারত হেভি ইলেক্ট্রিক্যালস্ লিমিটেড এবং ডব্লুবিপিডিসিএল -এর ডিরেক্টরগণ।

# নিগম সমাচার

## মূল প্রকল্প

বয়লার এলাকায় প্রেশার পার্ট স্থাপনের কাজ চলছে। এ যাবৎ ৩৫০০০ ওয়েল্ডিং জয়েন্ট সমেত প্রায় ২১০০০ মেট্রিক টন নির্মাণ সম্পন্ন হয়েছে।



*বয়লার এলাকায় বিভিন্ন নির্মাণ কার্যকলাপ*



*এফ ডি ফ্যান*



*কন্ট্রোল রুম*

এর সঙ্গে আই ডি ফ্যান, এফ ডি ফ্যান, পি এ ফ্যান, কোলমিল, কোল বাঙ্কার, হট এয়ার ডাক্ট এবং এয়ার প্রিহিটার স্থাপনের কাজও চলছে।



*কোল মিল*



*আই ডি ফ্যান*



*টারবাইন হল*



*পাওয়ার হাউস*

প্রসঙ্গ বিদ্যুৎ
দি ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড-এর ত্রৈমাসিক মুখপত্র


টারবাইন স্থাপনের কার্যকলাপ


আই পি টারবাইন স্থাপনের কাজ চলছে


লো প্রেশার টারবাইন স্থাপনের কাজ চলছে


জেনারেটর স্টেটর উত্তোলন


জেনারেটর স্থাপনের কাজ চলছে




## চিমনী (উচ্চতা ২৭৫ মিটার)

শেল্ নির্মাণ সম্পন্ন হয়েছে এবং ২৬৮.৫ মিটার উচ্চতায় পৌঁছে গেছে। শেল্ অভ্যন্তরীণস্থিত স্টিল ক্যান ফ্যাব্রিকেশনের কাজ চলছে।

## ন্যাচারল ড্রাফট কুলিং টাওয়ার (উচ্চতা ১৫১ মিটার ও বেস ডায়ামিটার ১৪৬ মিটার)

কুলিং টাওয়ার শেল্ নির্মাণ সম্পন্ন হয়েছে এবং ১৫১ মিটার নির্ধারিত উচ্চতায় পৌঁছে গেছে। শেল্ অভ্যন্তরীণস্থিত গ্রিলেজ কলাম, ভী-বার এবং হট ওয়াটার ডিস্ট্রিবিউশন পাইপ স্থাপনের কাজ চলছে।





## খ) কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রে ড্রাই সর্বেন্ট প্রযুক্তির মাধ্যমে সক্স নিয়ন্ত্রণ প্রকল্প ঃ

কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রে ড্রাই সর্বেন্ট প্রযুক্তির মাধ্যমে সক্স নিয়ন্ত্রণ প্রকল্প নির্মাণ চলছে। বর্তমানে কমপ্রেসর রুম, ভাইপার মিল বিল্ডিং, এমসিসি বিল্ডিং, সোডিয়াম বাই কার্বোনেট স্টোরেজ ইয়ার্ড এলাকায় সিভিল কনস্ট্রাকশন চলছে। ১নং ও ২ নং সাইলো স্থাপনের কাজ চলছে।



*সাইলো স্থাপনের কাজ চলছে*



*ভাইপার মিল বিল্ডিং*

## গ) নির্মীয়মাণ পরিবেশ বান্ধব সৌরবিদ্যুৎ প্রকল্প ঃ

সাগরদীঘি তাপবিদ্যুৎ কেন্দ্রের ৪নং এবং ৫নং 'র ওয়াটার' জলাশয়ে নির্মীয়মাণ ২x৫ মেগাওয়াট ভাসমান সৌরবিদ্যুৎ প্যানেল স্থাপনের কাজ চলছে





*ভাসমান সৌরবিদ্যুৎ প্যানেল নির্মাণের কাজ চলছে*

# দি ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড-এর বিভিন্ন প্রকল্পের সাফল্য (অক্টোবর - ডিসেম্বর ২০২৩)

## দি ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড

- ২০ অক্টোবর, ২০২৩ মহাষষ্ঠীর দিনে ডব্লুবিপিডিসিএল ৪৪৫০ মেগাওয়াট অর্থাৎ ১০৪.৩% বিদ্যুৎ উৎপাদন করতে সক্ষম হয়েছে। যা ১ অক্টোবর, ২০২২, মহাষষ্ঠীর দিনের উৎপাদিত বিদ্যুৎ ৪৩০০ মেগাওয়াটের থেকে অধিক।
- ডব্লুবিপিডিসিএল উৎসবের মরশুমে ৩৮৬০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের প্রতিশ্রুতি রক্ষা করতে সক্ষম হয়েছে এবং ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড-এর জন্য সফল ভাবে ৩৯৫০ মেগাওয়াট বিদ্যুৎ প্রদান করেছে।
- ২০২৩-২৪ অর্থবর্ষে ডব্লুবিপিডিসিএল-এর প্রাপ্যতা সর্বাধিক (ডিসি) নভেম্বর মাসে প্রথমবার ৯১.৮৪%-এ পৌঁছেছে।
- নভেম্বর, ২০২৩-এ ডব্লুবিপিডিসিএল সর্বনিম্ন মাসিক এসওসি ০.০৮ মিলি/কেডব্লুএইচ অর্জন করেছে।

## কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র

- ডিসেম্বর, ২০২৩-এ কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র সর্বোচ্চ মাসিক পিএলএফ ৮৬.৭%, ডিসি ৯২.৯% এবং এসওসি ০.০৭মিলি/কেডব্লুএইচ অর্জন করেছে।
- ২০২৩-২৪ অর্থবর্ষে ডিসেম্বর পর্যন্ত কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র বার্ষিক এসওসি ০.২৮মিলি/কেডব্লুএইচ বজায় রাখতে সক্ষম হয়েছে।
- কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রের ইউনিট ৩-এ ভলিউমেট্রিক ফিডারের পরিবর্তে ইউনিট ২-এর গ্রাভিমেট্রিক ফিডার গুলিকে বসানো হয়েছে।
- কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রে ১৩২KV হাইব্রিড সুইচগিয়ার বসানো এবং চালু করা হয়েছে।

## বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র

- ৮-২৫ ডিসেম্বর, ২০২৩ বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের ইউনিট ২ ওভারহলিংয়ের জন্য বন্ধ রাখা হয় এবং ১৭ দিনে কাজটি সম্পন্ন করা হয়। ৯ নভেম্বর, ২০২১-এ শেষ ওভারহলিং থেকে ৮ ডিসেম্বর, ২০২৩-এর বর্তমান ওভারহলিং পর্যন্ত ইউনিট ২-এর বয়লার লিকেজ ছিল শূন্য।
- ২০ জুন, ২০২২ -এ ওভারহলিং থেকে আজ পর্যন্ত বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের ইউনিট৫ কোনোও রকম বয়লার টিউব লিকেজ ছাড়াই চলছে।

# নিগম সমাচার

## ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র

- ২০২৩-২৪ অর্থবর্ষের ডিসেম্বর পর্যন্ত ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের ইউনিট৫- ডিসি ৮৫.৬০%, পিএলএফ ৮৫% অর্জন করেছে। আগের বছরের তুলনায় উল্লিখিত সময়ের মধ্যে ইউনিট ৫ -এ উৎপাদন ক্ষমতা ৬.৪% বৃদ্ধি পেয়েছে।

- ২০২৩-এ দুর্গাপূজার সময় ইউনিট ২-এর ৬০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনসহ ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের সর্বোচ্চ বিদ্যুৎ উৎপাদন ২৮০ মেগাওয়াট ছিল।

- ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের বার্ষিক এপিসি ৯.৩৩% যা পূর্ববর্তী বেঞ্চ মার্ক ৯.৪৬% কে অতিক্রম করতে সক্ষম হয়েছে।

## সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র

- ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রের বার্ষিক পিএলএফ ৯১.৪২%, ডিসি ৯৩.৩৮%, এপিসি ৮.২২% এবং এসওসি ০.১২ মিলি/কেডব্লুএইচ ছিল।

- অক্টোবর-ডিসেম্বর, ২০২৩ সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র ডিসি ১০০% দিয়েছিল।

## সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প

- ২০ অক্টোবর, ২০২৩-এ সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পের সর্বোচ্চ তাৎক্ষণিক বিদ্যুৎ উৎপাদন ১৬৭১ মেগাওয়াট (পূর্বে যা ছিল সর্বোচ্চ ১৬৫০ মেগাওয়াট।

- ২৩ নভেম্বর, ২০২৩-এ সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পের ইউনিট ৩ প্রথমবার ক্যাপিটাল ওভারহলিংয়ের জন্য ডিসিঙ্ক্রোনাইজ করা হয়। এসময় সম্পূর্ণ করা কাজগুলি হল Nox নিয়ন্ত্রণের জন্য দহন পরিবর্তন, প্রথমবার ইউনিট ৩-এর টারবাইন ওভারহলিং, ৫০০ মেগাওয়াট ইউনিটের প্রথমবার TD BFP ওভারহলিং ও কনডেনসার অ্যাসিড দিয়ে পরিষ্কার করা হয়।

- সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পের স্টেজ-২ ডিসেম্বর মাসে শূন্য এসওসি হয়েছিল।

**সাধারণ ঃ** সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র এবং সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পের মত কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রও প্রথমবার টেস্টিং ল্যাব NABL সার্টিফিকেট অর্জন করেছে। সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রের মতন কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র সি অ্যান্ড আই ল্যাব NABL সার্টিফিকেট অর্জন করেছে।



সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পের ইউনিট২ রিঅ্যাক্টিভ পাওয়ার ম্যানেজমেন্টের জন্য দ্বিতীয় স্থান অর্জন করেছে এবং গ্রিড ইন্ডিয়ার পক্ষ থেকে পুরস্কৃত হয়েছে।




২০২২-২৩ অর্থবর্ষে সেরা পারফরমেন্সের জন্য বার্কসার মিডিয়া এলএলসি, ইউএসএ-এর পক্ষ থেকে ডব্লুবিপিডিসিএল প্রশংসিত হয়েছে।



গ্রীন ম্যাপেল ফাউন্ডেশনের পক্ষ থেকে পরিবেশ ব্যবস্থাপনার ক্ষেত্রে কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র ও সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প বিজয়ী হয়।




ডব্লুবিপিডিসিএল-এর ৫টি তাপবিদ্যুৎ কেন্দ্রই এনভায়রণমেন্টাল এডুকেশন (CEE) পুরস্কারে সম্মানিত হয়েছে।

**WBPDCL Performance Comparison 2022-23 and 2023-24 (April to December)**

| DESCRIPTION | KOLAGHAT THERMAL POWER STATION | | BAKRESWAR THERMAL POWER STATION | | BANDEL THERMAL POWER STATION | | SANTALDIH THERMAL POWER STATION | | SAGARDIGHI THERMAL POWER STATION | | WBPDCL | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | 2022-23 | 2023-24 | 2022-23 | 2023-24 | 2022-23 | 2023-24 | 2022-23 | 2023-24 | 2022-23 | 2023-24 | 2022-23 | 2023-24 |
| Generation (MU) | 3580 | 3888 | 6197 | 5911 | 1345 | 1369 | 2912 | 3017 | 9112 | 8207 | 23147 | 22391 |
| PLF (%) | 64.59 | 70.13 | 89.43 | 85.3 | 74.11 | 75.43 | 88.25 | 91.42 | 86.29 | 77.72 | 82.23 | 79.55 |
| Backdown (including LSD) (MU) | 73.205 | 118.943 | 37.70 | 33.06 | 17.29 | 36.70 | 42.66 | 69.35 | 23.780 | 69.290 | 194.64 | 327.35 |
| APC (%) | 11.44 | 10.96 | 8.61 | 8.86 | 9.74 | 9.33 | 8.22 | 8.22 | 7.41 | 8.05 | 8.59 | 8.87 |
| Ex-Bus Availability (MU) | 3247.00 | 3564 | 5681.00 | 5375.00 | 1231.00 | 1265.00 | 2711.00 | 2804.09 | 8441.00 | 7529.00 | 21311.00 | 20537.09 |
| Ex-Bus Availability (%) | 64.80 | 71.11 | 90.08 | 85.23 | 74.76 | 76.84 | 90.29 | 93.38 | 85.59 | 76.34 | 82.51 | 79.51 |
| Oil Rate (ml/kwh) | 0.98 | 0.28 | 0.23 | 0.42 | 1.07 | 1.21 | 0.33 | 0.12 | 0.19 | 0.38 | 0.39 | 0.39 |
| LSD | 1 | 1 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 0 | 1 | 1 |

## ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রে ইউনিট ২-এ ভ্যাকুয়াম পাম্প দ্বারা ড্রাই অ্যাশিং সিস্টেম চালানোর মাধ্যমে সহায়ক শক্তি এবং জল খরচ সাশ্রয়


পূর্বে **ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রে** ২নং ইউনিটের ড্রাই অ্যাশ নিষ্কাশন পদ্ধতি ছিল হাইড্রো ভেক্টর ব্যবস্থা নির্ভর, যাতে প্রচুর পরিমাণে জলের প্রয়োজন হত। ২০২৩ সালের সেপ্টেম্বর মাসে ইউনিটটির ওভারহলিংয়ের সময় এই ব্যবস্থা পরিবর্তন করে ভ্যাকুয়াম পাম্প ব্যবস্থা স্থাপন করা হয়, যার ফলে ইউনিটের সাশ্রয় বহুলাংশে বেড়ে যায়। উল্লেখ্য, এই নতুন ব্যবস্থার জন্য প্রয়োজনীয় ডাস্ট কালেক্টর এবং ট্রান্সফার ভেসেল কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রের বাতিল ইউনিট থেকে সংগ্রহ করা হয়। এই নতুন ব্যবস্থার ফলে যে সাশ্রয় হয়েছে, তার থেকেই এর নির্মাণ খরচ আগামী ৮ মাসের মধ্যে উঠে আসবে। এই সুচিন্তিত পদক্ষেপের জন্য সংশ্লিষ্ট দপ্তরগুলির উদ্যোগ প্রশংসনীয়।


ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের জন্য কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রের ডাস্ট কালেক্টর লোড করা হয়েছে


ইউনিট ২ -এ ভ্যাকুয়াম পাম্প সিস্টেম


নির্মাণের পর ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের ইউনিট ২ -এ ডাস্ট কালেক্টর

| | বিদ্যুৎ খরচ | জলের খরচ |
|---|---|---|
| পুরানো ব্যবস্থা | ৪০০ কিলোওয়াট | ৫৫০ কিউবিক মিটার প্রতি ঘণ্টা |
| নতুন ব্যবস্থা | ৭৫ কিলোওয়াট | ৩ কিউবিক মিটার প্রতি ঘণ্টা |
| সাশ্রয় | ৩২৫ কিলোওয়াট | ৫৪৭ কিউবিক মিটার প্রতি ঘণ্টা |



ভ্যাকুয়াম পাম্প দ্বারা ড্রাই অ্যাশিং সিস্টেম

## ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের ক্যান্টিনে ইন্ডাস্ট্রিয়াল চিমনী স্থাপন


৭ নভেম্বর, ২০২৩ ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের ক্যান্টিনে ইন্ডাস্ট্রিয়াল চিমনী স্থাপনের মুহূর্ত

## ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের পরিবেশ বান্ধব ই-বাইক প্রদান

**ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র** উপনগরীর সুরক্ষা ব্যবস্থা আরও দৃঢ় করতে একটি অভিনব পদক্ষেপ গ্রহণ করেছে ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র কতৃপক্ষ। ২টি ব্যাটারি চালিত পরিবেশ বান্ধব ই-বাইক প্রদান করা হয় ব্যান্ডেল তাপ বিদ্যুৎ কেন্দ্রের সুরক্ষা আধিকারিকদের। এই উদ্দেশ্যে সংশ্লিষ্ট ই-বাইকের চাবি তুলে দেন শ্রী সঞ্জয় সিন্‌হা, জেনারেল ম্যানেজার, ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র। উপস্থিত ছিলেন ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকবৃন্দ।



ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রে সুরক্ষা আধিকারিকের হাতে ই-বাইক -এর চাবি তুলে দিচ্ছেন শ্রী সঞ্জয় সিন্‌হা, জেনারেল ম্যানেজার, ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র

## সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প থেকে জলপথে ফ্লাই অ্যাশ রপ্তানি শুরু




*সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পে নদীপথে বার্জ ভেসেলের মাধ্যমে ফ্লাই অ্যাশ রপ্তানির উদ্বোধন করছেন শ্রী অলোক কুমার মাইতি, জেনারেল ম্যানেজার , সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পে*

**সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পে** ১০০ শতাংশ অ্যাশ ব্যবহারের লক্ষ্যে সড়কপথ ও রেলপথের পর নদীপথে বার্জ ভেসেলের মাধ্যমে ফ্লাই অ্যাশ রপ্তানি শুরু হয়। ইনল্যান্ড ওয়াটার ওয়েজ অথরিটি অফ ইন্ডিয়া - এর সহযোগিতায় ইনটেক পাম্প হাউস -এর ভাগীরথী নদী বক্ষ থেকে ২১ অক্টোবর, ২০২৩ মহাসপ্তমীর দিন এম. ভি রুদ্র বাংলাদেশের উদ্দেশ্যে রওনা দেয়। সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পের সাইলো থেকে বাল্কারের মাধ্যমে ফ্লাই অ্যাশ ইনটেক পাম্প হাউস-এ নিয়ে আসা হয়। তারপর কমপ্রেসার সিস্টেমের সাহায্যে পাইপ লাইনের মাধ্যমে উক্ত ফ্লাই অ্যাশ বার্জ ভেসেল এ লোড করা হয়। এই ভাবে মোট ৬২টি বাল্কারের মাধ্যমে মোট ১৯৯১.৩২ মেট্রিক টন অ্যাশ বার্জ ভেসেল এ লোড করা হয়েছে। সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পের প্রাক্তন জেনারেল ম্যানেজার এবং বর্তমান ডব্লুবিপিডিসিএল-এর এক্সিকিউটিভ ডিরেক্টর (ওএস) শ্রী কৌশিক দত্ত-এর কার্যকালে শুরু হওয়া এই প্রকল্পটি সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পের বর্তমান জেনারেল ম্যানেজার শ্রী অলোক কুমার মাইতি সহ এনভায়রণমেন্ট ও অন্যান্য সংশ্লিষ্ট ডিপার্টমেন্টের উচ্চ আধিকারিকবৃন্দের নিরলস প্রচেষ্টায় সুসম্পন্ন হয়।

## এনটিপিসি ফারাক্কা ইউনিটের ইঞ্জিনিয়ারদের সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প পরিদর্শন



*এনটিপিসি ফারাক্কা ইউনিটের ইঞ্জিনিয়ারদের সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প পরিদর্শনের একটি মুহূর্ত*

১৯ অক্টোবর, ২০২৩ **সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পের** "Best Practices" গুলি পরিদর্শন করার জন্য এনটিপিসি ফারাক্কা ইউনিটের জেনারেল ম্যানেজারের অনুরোধক্রমে এবং সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পের জেনারেল ম্যানেজার শ্রী অলোক কুমার মাইতি-র অনুমতি সাপেক্ষে এনটিপিসি ইঞ্জিনিয়ারদের ছয় জন সদস্যের একটি টিম সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প পরিদর্শনে আসেন। উক্ত টিমে উপস্থিত ছিলেন শ্রী সৌরভ ভারতী, শ্রী অনুরাগ মিশ্র, শ্রী প্রাঞ্জল সিংহ, শ্রী সৌভিক দত্ত, শ্রী সৌরভ মল্লিক, শ্রী আশিস মণ্ডল প্রমুখ ইঞ্জিনিয়ারগণ। সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পের ইঞ্জিনিয়ারদের সঙ্গে উক্ত টিমের সদস্যবৃন্দ কোল মিল, কোল রিজেকশ্ন সিস্টেম, অ্যাশ প্লান্ট অপারেশন, সাইলো অ্যাশ পন্ড, ইউনিট কন্ট্রোল রুম প্রভৃতি এলাকা পরিদর্শন করেন এবং পারস্পরিক মত বিনিময় করেন।

## কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন



*কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করছেন শ্রী দেবকুমার গুপ্ত, ডিরেক্টর (এফ অ্যান্ড এ) অ্যান্ড কোম্পানী সেক্রেটারী, ডব্লুবিপিডিসিএল, উপস্থিত ছিলেন শ্রী দীপঙ্কর দাশগুপ্ত, জেনারেল ম্যানেজার, কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র এবং অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকবৃন্দ*

# সচেতনতা

## সতর্কতা সচেতনতা সপ্তাহ উদ্‌যাপন ২০২৩



*ডব্লুবিপিডিসিএল-এর সদর কার্যালয় বিদ্যুৎ উন্নয়ন ভবনে প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে সতর্কতা সচেতনতা সপ্তাহ ২০২৩-এর উদ্বোধন করছেন ড. পি বি সেলিম, আইএএস, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ডব্লুবিপিডিসিএল এবং সচিব, মুখ্যমন্ত্রীর কার্যালয়, পশ্চিমবঙ্গ সরকার*

৩০ অক্টোবর- ৫ নভেম্বর ২০২৩ 'সতর্কতা সচেতনতা সপ্তাহ, ২০২৩' উদ্‌যাপন উপলক্ষ্যে **দি ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড**-এর সদর কার্যালয় বিদ্যুৎ উন্নয়ন ভবনে ভিজিলেন্স দপ্তরের তত্ত্বাবধানে নানাবিধ কর্মসূচীর আয়োজন করা হয়। সারা দেশব্যাপী সতর্কতা সচেতনতা সপ্তাহ, ২০২৩ উদ্‌যাপনের মূল বিষয়বস্তু ছিল 'দুর্নীতির বিরোধিতা করুন; দেশের প্রতি সমর্পিত থাকুন'। এই উপলক্ষ্যে ৩ নভেম্বর, ২০২৩ ড. পি বি সেলিম, আইএএস, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ডব্লুবিপিডিসিএল এবং সচিব, মুখ্যমন্ত্রীর কার্যালয়, পশ্চিমবঙ্গ সরকার প্রদীপ প্রজ্জ্বলনের মধ্য দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডব্লুবিপিডিসিএল -এর ডিরেক্টরগণ, রাজ্য বিদ্যুৎ দপ্তরের এবং ডব্লুবিপিডিসিএল-এর অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকবৃন্দ। উক্ত অনুষ্ঠানে সকল স্তরের কর্মীবৃন্দের উপস্থিতি ছিল নজরকাড়া। গত বছরের প্রবন্ধ প্রতিযোগিতায় স্থানাধিকারী ছাত্র-ছাত্রীরা সকল কর্মীবৃন্দকে শপথ বাক্য পাঠ করান।



*সতর্কতা সচেতনতা সপ্তাহ ২০২৩ উপলক্ষ্যে শপথ বাক্য পাঠ করছেন ড. পি বি সেলিম, আইএএস, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ডব্লুবিপিডিসিএল এবং সচিব, মুখ্যমন্ত্রীর কার্যালয়, পশ্চিমবঙ্গ সরকার এবং অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকবৃন্দ। শপথ বাক্য পাঠ করাচ্ছেন 'সতর্কতা সচেতনতা সপ্তাহ ২০২২'-এর প্রবন্ধ প্রতিযোগিতায় স্থানাধিকারী ছাত্র-ছাত্রীরা*




*কর্পোরেট ভিজিলেন্স দপ্তরের কর্মকাণ্ড সম্পর্কিত বিষয়ে বক্তব্য রাখছেন ড. পি বি সেলিম, আইএএস, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ডব্লুবিপিডিসিএল এবং সচিব, মুখ্যমন্ত্রীর কার্যালয়, পশ্চিমবঙ্গ সরকার,*

কর্পোরেট ভিজিলেন্স দপ্তরের বিগত কয়েক বছরের কর্মকাণ্ডের কিছু গুরুত্বপূর্ণ তথ্য ও পরিসংখ্যান তুলে ধরেন শ্রী সিদ্ধার্থ ঘোষ, সিনিয়র ম্যানেজার (এইচআর অ্যান্ড এ), কর্পোরেট ভিজিলেন্স দপ্তর।




*কর্পোরেট ভিজিলেন্স দপ্তরের কর্মকাণ্ড সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য তুলে ধরছেন শ্রী সিদ্ধার্থ ঘোষ, সিনিয়র ম্যানেজার (এইচআর অ্যান্ড এ)*

এরপর ডব্লুবিপিডিসিএল-এর উপস্থিত ডিরেক্টরগণ এবং পরিশেষে ড. পি বি সেলিম, আইএএস, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, সতর্কতা সচেতনতা সপ্তাহ উদ্‌যাপনের গুরুত্ব এবং তাৎপর্য সম্পর্কে তাঁদের মূল্যবান বক্তব্য রাখেন।




*সতর্কতা সচেতনতা সপ্তাহ ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠানে বক্তব্য রাখছেন শ্রী উৎপল ভদ্র, আইএএস, চিফ ভিজিলেন্স অফিসার অ্যান্ড এক্স-অফিসিও, ডব্লুবিপিডিসিএল*

এই বছর অনুষ্ঠানের অন্যতম মূল আকর্ষণ ছিল ক্যুইজ প্রতিযোগিতায় ডব্লুবিপিডিসিএল-এর সদর কার্যালয়ের কর্মীবৃন্দের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ। ক্যুইজ প্রতিযোগিতার পরিচালনায় ছিলেন ক্যুইজ মাস্টার শ্রী সোমনাথ চন্দ।



*সতর্কতা সচেতনতা সপ্তাহ ২০২৩ অনুষ্ঠানে ক্যুইজ মাস্টার শ্রী সোমনাথ চন্দ দ্বারা পরিচালিত ক্যুইজ প্রতিযোগিতার মূল পর্বের একটি মুহূর্ত*

দপ্তর ভিত্তিক ১৪টি দলে মোট ৪২ জন কর্মী উক্ত ক্যুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে উপস্থিত অন্যান্য কর্মীবৃন্দের মধ্যে তাৎক্ষণিক ক্যুইজ-এর ও ব্যবস্থা ছিল। ক্যুইজ প্রতিযোগিতার মূল পর্বের শেষ পর্যন্ত ছিল টান টান উত্তেজনা।

# সচেতনতা

আই টি অ্যান্ড সি দপ্তর, প্রোজেক্ট অ্যান্ড প্ল্যানিং দপ্তর এবং ও.এস. সেল দপ্তর উক্ত ক্যুইজ প্রতিযোগিতায় যথাক্রমে প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থান অর্জন করে। সকল স্থানাধিকারী প্রতিযোগীদের হাতে পুরস্কার এবং শংসাপত্র তুলে দেন ডব্লুবিপিডিসিএল-এর উপস্থিত ডিরেক্টরগণ। কর্পোরেট ভিজিলেন্স দপ্তরের পক্ষ থেকে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে অনুষ্ঠানটির শুভ সমাপ্তি ঘটে।



*ক্যুইজ প্রতিযোগিতায় প্রথম স্থানাধিকারী টিম কর্পোরেট আইটি অ্যান্ড সি দপ্তরের প্রতিযোগীদের হাতে পুরস্কার ও স্মারক তুলে দিচ্ছেন শ্রী অসিত কুমার মুখার্জি, ডিরেক্টর (প্রজেক্টস্), ডব্লুবিপিডিসিএল*



*সতর্কতা সচেতনতা সপ্তাহ (২০২২) -এ আয়োজিত প্রবন্ধ প্রতিযোগিতায় প্রথম স্থানাধিকারী ছাত্রীর হাতে শংসাপত্র তুলে দিচ্ছেন ড. পি বি সেলিম, আইএএস, চেয়ারম্যান অ্যান্ড ম্যানেজিং ডিরেক্টর, ডব্লুবিপিডিসিএল এবং সচিব, মুখ্যমন্ত্রীর কার্যালয়, পশ্চিমবঙ্গ সরকার*



*সতর্কতা সচেতনতা সপ্তাহ (২০২২) -এ উপলক্ষ্যে আয়োজিত প্রবন্ধ প্রতিযোগিতায় তৃতীয় স্থানাধিকারী ছাত্রীর হাতে স্মারক ও শংসাপত্র তুলে দিচ্ছেন শ্রী প্রলয় মজুমদার, জয়েন্ট সেক্রেটারী, বিদ্যুৎ দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার*



*সতর্কতা সচেতনতা সপ্তাহ উপলক্ষ্যে সততার অঙ্গীকার পাঠ-এ অংশগ্রহকারীদের সাথে শ্রী দীপঙ্কর দাশগুপ্ত, জেনারেল ম্যানেজার, কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্রসহ অন্যান্য আধিকারিকবৃন্দ ও কর্মীবৃন্দ*

৩০ অক্টোবর-৫ নভেম্বর ২০২৩ এক সপ্তাহব্যাপী **ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রে** পালিত হয় সতর্কতা সচেতনতা সপ্তাহ ২০২৩। এবছরের সতর্কতা সচেতনতা সপ্তাহ উদ্‌যাপনের মূল বিষয় ছিল “Say no to corruption, commit to the Nation”। শপথ বাক্য পাঠ ও প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা করেন শ্রী সঞ্জয় সিন্হা, জেনারেল ম্যানেজার, ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র। সতর্কতা সচেতনতা সপ্তাহ উপলক্ষ্যে শ্লোগান প্রতিযোগিতা, ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। শ্লোগান প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কর্মীবৃন্দ বাংলা এবং ইংরাজীতে শ্লোগান লিখে জমা দেন। প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জন করেন শ্রী দেবাশিষ সাধুখাঁ, সিনিয়র অফিস এক্সিকিউটিভ (এইচআর অ্যান্ড এ), দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেন যথাক্রমে শ্রী অভিজিৎ মান্না, সিনিয়র অফিস এক্সিকিউটিভ (এইচআর অ্যান্ড এ) এবং

শ্রীমতি রুমা সাহা (রয়), পি এ (এইচআর অ্যান্ড এ)। ২ অক্টোবর, ২০২৩ ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের অভ্যন্তরে সকল কর্মী, ঠিকাশ্রমিক ও ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের সকল আধিকারিকবৃন্দের মধ্যে একটি ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়।



*সতর্কতা সচেতনতা সপ্তাহ (২০২৩) উপলক্ষ্যে ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রে প্রদীপ প্রজ্জ্বলন করছেন শ্রী সঞ্জয় সিন্হা, জেনারেল ম্যানেজার, ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র*

সতর্কতা সচেতনতা সপ্তাহ ২০২৩ -এর অন্যতম কর্মসূচী হিসাবে প্রবন্ধ লিখন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় **ত্রিবেণী থার্মাল ডাঃ বিধান চন্দ্র রায় উচ্চ বিদ্যালয়ে**। ডব্লুবিপিডিসিএল ও ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের যৌথ উদ্যোগে আয়োজিত এই কর্মসূচীতে যোগদান করে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা। বিদ্যালয় সভাকক্ষে প্রধান শিক্ষিকা ও অন্যান্য শিক্ষক-শিক্ষিকার তত্ত্বাবধানে নির্বাচিত বিষয়ে প্রবন্ধ রচনা করে ছাত্র-ছাত্রীরা। 'Say no to corruption, commit to the Nation' বিষয়টির গুরুত্ব বুঝে তাদের সার্বিক অংশগ্রহণ ভবিষ্যতে তাদের সততার পথকে প্রসারিত করবে এই আশা রাখা যায়।



*ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রে সতর্কতা সচেতনতা সপ্তাহ ২০২৩ উপলক্ষ্যে ত্রিবেণী থার্মাল ডাঃ বিধান চন্দ্র রায় উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত প্রবন্ধ লিখন প্রতিযোগিতার একটি মুহূর্ত*

২ নভেম্বর, ২০২৩ **সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পে** সতর্কতা সচেতনতা সপ্তাহ ২০২৩ সাফল্যের সহিত উদ্‌যাপিত হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শ্রী অলোক কুমার মাইতি, জেনারেল ম্যানেজার, সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প, অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকবৃন্দ এবং সকল সংগঠিত ও অসংগঠিত সহকর্মীবৃন্দ। স্পট ক্যুইজ, তাৎক্ষণিক বক্তৃতা, স্লোগান লিখন এবং পোস্টার অঙ্কন প্রদর্শনীর মধ্য দিয়ে সতর্কতা সচেতনতা সপ্তাহ ২০২৩ সাফল্যের সঙ্গে অনুষ্ঠিত হয়।




*সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পে সতর্কতা সচেতনতা সপ্তাহ (২০২৩) উপলক্ষ্যে শপথ গ্রহণ অনুষ্ঠানের একটি মুহূর্ত*

## ডেঙ্গু প্রতিরোধ ও সচেতনতা সমীক্ষা



*ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের ত্রিবেণী থার্মাল ডাঃ বিধান চন্দ্র রায় উচ্চ বিদ্যালয়ে আয়োজিত ডেঙ্গু প্রতিরোধ ও সচেতনতা সমীক্ষা কর্মসূচীর একটি মুহূর্ত*

১১ অক্টোবর, ২০২৩ পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগে আয়েজিত ডেঙ্গু প্রতিরোধ ও সচেতনতা সমীক্ষা কর্মসূচীতে অংশগ্রহণ করে **ত্রিবেণী থার্মাল ডাঃ বিধান চন্দ্র রায় উচ্চ বিদ্যালয়**। বিদ্যালয় সংলগ্ন ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের উপনগরীর বিভিন্ন কোয়ার্টারে এই সমীক্ষা কর্মসূচীটি করা হয়। শিক্ষক-শিক্ষিকাদের তত্ত্বাবধানে ছাত্র-ছাত্রীদের ডেঙ্গু বিষয়ে খোঁজ খবর নেওয়া হয় এবং তার পাশাপাশি রোগটি প্রতিরোধে বিভিন্ন সচেতনতামূলক ব্যবস্থা গ্রহণ সম্পর্কে ছাত্র-ছাত্রীদের অবগত করা হয়। নিজের পরিবেশকে সুস্থ, সুন্দর ও রোগমুক্ত রাখার এই উদ্যোগটি যথেষ্ট প্রশংসনীয়।

## সচেতনতা

### ত্রিবেণী থার্মাল ডাঃ বিধান চন্দ্র রায় উচ্চ বিদ্যালয়ে অগ্নি নির্বাপন কর্মসূচী



*ত্রিবেণী থার্মাল ডাঃ বিধান চন্দ্র রায় উচ্চ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের অগ্নি নির্বাপন কর্মসূচিতে অংশগ্রহণের একটি মুহূর্ত*

## সাংস্কৃতিক ও সামাজিক কর্মকাণ্ড

### রবীন্দ্র-নজরুল-সুকান্ত সন্ধ্যা

প্রতি বছরের ন্যায় এবছরও **কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থা** এবং **বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থা** তাদের নিজ নিজ কেন্দ্রে বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে রবীন্দ্র-নজরুল-সুকান্ত সন্ধ্যা পালন করে।



*কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থা আয়োজিত রবীন্দ্র-নজরুল-সুকান্ত সন্ধ্যা ২০২৩-এর একটি বিশেষ মুহূর্তে নৃত্য পরিবেশন করছে 'নৃত্যালেখ্য'*

### সাংস্কৃতিক সন্ধ্যা

১৬ অক্টোবর, ২০২৩ **ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থার** পক্ষ থেকে একটি সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়। অনুষ্ঠানের সূচনা করেন শ্রী সঞ্জয় সিন্‌হা, জেনারেল ম্যানেজার, ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র। সেপ্টেম্বর মাসে সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প কর্মী প্রমোদ সংস্থায় অনুষ্ঠিত ইন্ট্রা ডব্লুবিপিডিসিএল কালচারাল মিটে ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থার পক্ষ থেকে অংশগ্রহণকারী পুরস্কার প্রাপক প্রতিযোগীদের সংবর্ধনা দেওয়া হয়। এরপর কেন্দ্রের 'পরিবেশ ও সুরক্ষা' বিভাগ আয়োজিত



*১৪ অক্টোবর, ২০২৩ ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থায় আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান 'আগমনী' নৃত্যনাট্যের একটি দৃশ্য*

বসে আঁকো প্রতিযোগিতার পুরস্কার প্রাপকদের হাতে সংশ্লিষ্ট বিভাগের পক্ষ থেকে পুরস্কার তুলে দেন শ্রী সঞ্জয় সিন্‌হা, জেনারেল ম্যানেজার, ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র ও উপস্থিত উচ্চপদস্থ আধিকারিকবৃন্দ। কর্মী প্রমোদ সংস্থার মূল আগমনী অনুষ্ঠান সমবেত সংগীত এবং আগমনী নৃত্যনাট্যের মধ্য দিয়ে দিনটি অতিবাহিত হয়।



*সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প কর্মী প্রমোদ সংস্থা আয়োজিত ইন্ট্রা ডব্লুবিপিডিসিএল কালচারাল মিট-এ বক্রেশ্বরের অংশগ্রহণকারীরা*

### সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পে আয়োজিত সায়েন্স এক্সপো ২০২৩



*সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প অফিসার্স ক্লাব এবং সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পের স্কুলের যৌথ উদ্যোগে আয়োজিত সায়েন্স এক্সপো ২০২৩-এ সেরা মডেল প্রদর্শনকারীদের হাতে পুরস্কার তুলে দিচ্ছেন শ্রী প্রীতম সাহা, ডেপুটি জেনারেল ম্যানেজার (এফ এম), সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প*

প্রসঙ্গ বিদ্যুৎ
দি ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড-এর ত্রৈমাসিক মুখপত্র

## মিলন উৎসব



*১১ ডিসেম্বর ২০২৩ কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থা আয়োজিত মিলন উৎসব (২০২৩)-এর একটি বিশেষ মুহূর্ত*

## বিজয়া সম্মেলনী



*৬ নভেম্বর, ২০২৩ বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থা আয়োজিত বিজয়া সম্মিলনীতে বিখ্যাত কৌতুক অভিনেতা রাজু মিদ্যাকে সংবর্ধনা জ্ঞাপন করছেন শ্রী প্রদীপ্ত মুখার্জী, জেনারেল ম্যানেজার, বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র*

## 'নিরাজনা' পত্রিকার শারদ সংখ্যা প্রকাশ



*৬ নভেম্বর, ২০২৩ বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থার 'নিরাজনা' পত্রিকার শারদ সংখ্যা প্রকাশ করছেন শ্রী প্রদীপ্ত মুখার্জী, জেনারেল ম্যানেজার, বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র*

## দেওয়াল পত্রিকা 'আরশি' র উদ্বোধন


২৪ নভেম্বর ২০২৩ **সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থার** দেওয়াল পত্রিকা 'আরশি'-র উদ্বোধন করেন শ্রী অলোক কুমার ঘোষ, জেনারেল ম্যানেজার, সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র। এই উপলক্ষ্যে ঐদিন বিজয়া সম্মেলনী ও একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনও করা হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রের অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকবৃন্দ।



*সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্রে 'আরশি' পত্রিকার উদ্বোধনের মুহূর্ত*

## বার্ষিক দেওয়াল পত্রিকা 'প্রবাহ' প্রকাশ

৪ ডিসেম্বর, ২০২৩ **ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থার** প্রেক্ষাগৃহে আয়োজিত বিজয়া সম্মেলনী অনুষ্ঠানে ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ



*ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থার বার্ষিক দেওয়াল পত্রিকা 'প্রবাহ' প্রকাশের বিশেষ মুহূর্ত*

সংস্থার বার্ষিক দেওয়াল পত্রিকা 'প্রবাহ' প্রকাশ করেন শ্রী সঞ্জয় সিন্‌হা, জেনারেল ম্যানেজার, ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র। দেওয়াল পত্রিকা-কে যারা তাদের লেখনীর মাধ্যমে সমৃদ্ধ করেছেন সেই সকল গুণী লেখক-লেখিকাগণকে প্রমোদ সংস্থার পক্ষ থেকে স্মারক প্রদান করা হয়। মূল অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিল্পীরা ছিলেন স্যাক্সোফোনে শ্রী উত্তম বিশ্বাস এবং সঙ্গীত পরিবেশনায় শ্রীমতি অর্পিতা চ্যাটার্জী।

# সাংস্কৃতিক ও সামাজিক কর্মকাণ্ড

## ম্যাজিক প্রদর্শনী



*ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র অফিসার্স ক্লাব আয়োজিত ম্যাজিক প্রদর্শনীর একটি বিশেষ মুহূর্ত*

## বড়দিন পালন



*ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র অফিসার্স ক্লাবের উদ্যোগে আয়োজিত বড়দিন উদ্‌যাপন*



*বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র অফিসার্স ক্লাব আয়োজিত বড়দিন পালনের কিছু মুহূর্ত*

## বর্ষবরণ অনুষ্ঠান

৩১ ডিসেম্বর, ২০২৩ ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থায় আয়োজন করা হয় ইংরাজী নববর্ষ ২০২৪-এর বর্ষবরণ অনুষ্ঠান। ক্যাম্প ফায়ার, আতশবাজি প্রদর্শনী, সঙ্গীত পরিবেশন, নৈশ ভোজ ইত্যাদি নিয়ে অনুষ্ঠানটি জমজমাট হয়ে ওঠে। অনুষ্ঠানে উপস্থিত ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থার সদস্য-সদস্যা ও পরিবারবর্গ অনুষ্ঠানটিকে সাফল্যমণ্ডিত করে তোলেন।

## ভ্রমণ



*ডব্লুবিপিডিসিএল এমপ্লয়ীজ রিক্রিয়েশন ক্লাব আয়োজিত সিকিম ভ্রমণে অংশগ্রহণকারী সকলের মিলিত ছবি*

# খেলাধূলা

## আন্তঃ বিভাগীয় ক্রীড়া প্রতিযোগিতা

১৪-১৫ অক্টোবর, ২০২৩ **ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থা** দুইদিনব্যাপী আন্তঃ বিভাগীয় ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করে। ব্যাডমিন্টন, টেবিল টেনিস, দাবা, ক্যারাম, তাস, লুডো, ডার্ট, চাইনিজ চেকার বিভিন্ন প্রতিযোগিতার মধ্যে দিয়ে কর্মী প্রমোদ সংস্থার সদস্য-সদস্যা এবং তাদের পরিবারবর্গ এই দুইদিন আনন্দঘন মুহূর্ত অতিবাহিত করে।

## বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৩-২৪

২৪ ডিসেম্বর, ২০২৩ উদ্দীপনা এবং আনন্দের সঙ্গে সম্পন্ন হয় **ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র প্রমোদ সংস্থা** আয়োজিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৩-২৪। সারাদিনব্যাপী বিভিন্ন বিভাগের বিভিন্ন প্রতিযোগিতায় বহু প্রতিযোগী এই বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। প্রতিযোগিতার



*ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র প্রমোদ সংস্থা আয়োজিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার (২০২৩-২৪) একটি বিশেষ মুহূর্ত*

বিশেষ আকর্ষণ হিসাবে এবারের সংযোজন ম্যারাথন দৌড়। এছাড়াও ছিল প্রমোদ সংস্থার পরিচালন সদস্য শ্রী অচিন্ত্য সাহা কর্তৃক প্রস্তুত আতশবাজি প্রদর্শনী। সবশেষে পুরস্কার বিতরণীর মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।



*কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থা আয়োজিত দিবারাত্রি পাড়া ফুটবল ২০২৩-এর বিভাগীয় প্রতিযোগিতার ফাইনালে অংশগ্রহণকারী দুটি দল অপারেশন এবং সিএইচপি*



*কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থা আয়োজিত অনূর্দ্ধ ১৮ বছর বয়সীদের নিয়ে দিবারাত্র পাড়া ফুটবল ২০২৩ প্রতিযোগিতার একটি বিশেষ মুহূর্ত*

## আন্তঃ বিভাগীয় ফুটবল প্রতিযোগিতা

**ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থার** ব্যবস্থাপনায় অত্যন্ত উদ্দীপনার সঙ্গে এবছরের আন্তঃ বিভাগীয় ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার ফাইনাল ম্যাচে বিশেষ অতিথি রূপে উপস্থিত ছিলেন শ্রী সঞ্জয় সিন্‌হা, জেনারেল ম্যানেজার, ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র, শ্রী পার্থসারথি চ্যাটার্জী, জেনারেল ম্যানেজার (এইচআর অ্যান্ড এ), শ্রী সৌরভ ভট্টাচার্য, এজিএম (এইচআর অ্যান্ড এ), শ্রী প্রদীপ রায়, এজিএম (আর অ্যান্ড এম) ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র এবং অন্যান্য আধিকারিকবৃন্দ। ফাইনাল ম্যাচে অপারেশন-এ টিম এবং মিক্স টিম পরস্পর পরস্পরের বিরূদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করতে মাঠে নামে। মূল খেলা গোল শূন্য ভাবে সমাপ্ত হয়। এরপর টাইব্রেকারও অমিমাংসিত ভাবে শেষ হয়। শেষ পর্যন্ত রোমাঞ্চকর সাডেন ডেথে মিক্স টিম, অপারেশন-এ



*ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রে আন্তঃবিভাগীয় ফুটবল (২০২৩) প্রতিযোগিতার একটি মুহূর্ত*

টিমকে হারিয়ে এবছরের বিভাগীয় ফুটবল প্রতিযোগিতায় বিজয়ী হয়। ম্যান অফ দ্য সিরিজ শ্রী কপিল বন্দ্যোপাধ্যায়, সিকিউরিটি সাব ইন্সপেক্টর, ম্যান অফ দ্য ম্যাচ শ্রী সঞ্জয় বিশ্বাস, জুনিয়র ম্যানেজার (ওএ) এবং বেস্ট গোলকিপার শ্রী সঞ্জয় রায়, সিকিউরিটি ইন্সপেক্টর মনোনিত হয়।

## ইন্ট্রা ডব্লুবিপিডিসিএল ইন্ডোর মিট




*১৮ - ১৯ নভেম্বর, ২০২৩ বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থা আয়োজিত ইন্ট্রা ডব্লুবিপিডিসিএল ইন্ডোর মিট-এর একটি বিশেষ মুহূর্ত*




*১৮-২০ নভেম্বর, ২০২৩ বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের ব্যবস্থাপনায় অনুষ্ঠিত ইন্ট্রা ডব্লুবিপিডিসিএল ইন্ডোর মিট (২০২৩)-এ উপস্থিত ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রের কর্মীবৃন্দ*

# খেলাধূলা



সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প অফিসার্স ক্লাব আয়োজিত ফুটবল টুর্নামেন্টে বিজয়ী দলের হাতে পুরস্কার তুলে দিচ্ছেন শ্রী অলোক কুমার মাইতি, জেনারেল ম্যানেজার, সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প



বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র কর্মী প্রমোদ সংস্থা আয়োজিত সাঁতার প্রতিযোগিতার একটি বিশেষ মুহূর্ত

## ক্রিকেট টুর্নামেন্ট ২০২৩



ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র প্রমোদ সংস্থার পরিচালনায় অনুষ্ঠিত হয় বার্ষিক বিভাগীয় ফুটবল প্রতিযোগিতা



সাগরদীঘি অফিসার্স ক্লাব আয়োজিত ছোটদের ক্রিকেট টুর্নামেন্টে কচিকাঁচাদের হাতে পুরস্কার তুলে দিচ্ছেন শ্রী অলোক কুমার মাইতি, জেনারেল ম্যানেজার, সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প।

# সাফল্য ও কৃতিত্ব

## বার্ষিক পুরস্কার প্রদান অনুষ্ঠান

**ডব্লুবিপিডিসিএল ও ত্রিবেণী থার্মাল ডাঃ বিধান চন্দ্র রায় উচ্চ বিদ্যালয়ের** উদ্যোগে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক ২০২২-২৩ শিক্ষাবর্ষের কৃতি ছাত্র-ছাত্রীদের সংবর্ধনা অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয় বিদ্যালয় সভাকক্ষে। ত্রিবেণী থার্মাল ডাঃ বিধান চন্দ্র রায় উচ্চ বিদ্যালয়ের কৃতি ছাত্র-ছাত্রীরা এই দিন বিদ্যালয়ে উপস্থিত হয়। অনুষ্ঠানের শুভ সূচনা করা হয় বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের দ্বারা প্রস্তুত সংক্ষিপ্ত সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শ্রী সঞ্জয় সিন্‌হা, জেনারেল ম্যানেজার, ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র, অন্যান্য আধিকারিকবৃন্দ, বিদ্যালয়ের প্রধান শিক্ষিকাসহ অন্যান্য শিক্ষক-শিক্ষিকারা। ছাত্র-ছাত্রীরা তাদের উজ্জ্বল ভবিষ্যতের দিকে আরো অগ্রসর হোক-এই কামনা সহ তাদের সম্বর্ধিত করা হয়।




ত্রিবেণী থার্মাল ডাঃ বিধান চন্দ্র রায় উচ্চ বিদ্যালয়ের উদ্যোগে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক (২০২২-২৩) শিক্ষাবর্ষের কৃতি ছাত্র-ছাত্রীদের পুরস্কার প্রদান করছেন শ্রী সঞ্জয় সিন্‌হা, জেনারেল ম্যানেজার, ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র

# ডব্লুবিপিডিসিএল-এর 'রিওয়ার্ড অ্যান্ড রিকগনিশন স্কীম'- সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর মাসের নক্ষত্রগণ

## WBPDCL Stars of the Month — September 2023

### Bakreswar Thermal Power Station



**SANTANU DUTTA**
MANAGER (PS)
DEPT: OPERATION



**RAHUL KARMAKAR**
OPTR./TECH
DEPT: CHP (MM)

### Bandel Thermal Power Station



**MD. MUSTE HASAN**
MANAGER (PS)
DEPT: EM-OPH



**BIMLESH KUMAR**
OPERATOR/TECHNICIAN
DEPT: OPERATION

### Kolaghat Thermal Power Station



**ANIL SASMAL**
MANAGER (CIVIL)
DEPT: CIVIL (IPH)



**UJJWAL KARAN**
OPERATOR/TECHNICIAN
DEPT: CHP (OPERATION)

### Sagardighi Thermal Power Project



**NIRMALYA DAS**
SENIOR MANAGER (PS)
DEPT: CHP-O



**MITHUN KUMAR GUCHHAIT**
OPRT. / TECH. GRADE-I
DEPT: CHP-O

### Santaldih Thermal Power Station




**SUMON ROYCHOWDHURY**
SENIOR MANAGER (PS)
DEPT: BM



**TIMIR MAHATA**
OPTR./TECH. GRADE-I
DEPT: OPRN.

### Corporate Office



**JHUMPA PAL**
SENIOR MANAGER (F & A)
DEPT: F&A



**GOBINDA BANIK**
PERSONAL ASSISTANT
DEPT: HR&A

## WBPDCL Stars of the Month — October 2023

### Bakreswar Thermal Power Station



**DIBYENDU DAS**
MANAGER (PS)
DEPT: CHP-MM



**MANOBENDRA BISWAS**
OPTR./TECH GRADE-I
DEPT: EM-IPH

### Bandel Thermal Power Station



**KARTICK CHANDRA SAHA**
ASSISTANT MANAGER (PS)
DEPT: OPERATION




**MITALI CHATTOPADHYAY**
JUNIOR MANAGER (HR & A)
DEPT: HR & A

### Kolaghat Thermal Power Station



**ARINDAM DAS**
MANAGER (PS)
DEPT: CHP-OPERATION



**MAHADEB MAITY**
JUNIOR MANAGER (CIVIL)
DEPT: CIVIL (IPH)

### Sagardighi Thermal Power Project



**PINAKI SEN**
MANAGER (PS)
DEPT: MP



**SUMAN CHOUDHURY**
SENIOR OFFICE EXECUTIVE
DEPT: F & A

### Santaldih Thermal Power Station



**SUSOVAN CHANDRA**
MANAGER (PS)
DEPT: OPERATION & EFFICIENCY



**DIPAK SINGH**
SENIOR OFFICE EXECUTIVE
DEPT: STORE

### Corporate Office



**SULAGNA DASS**
MANAGER (PS)
DEPT: M & C



**BIKASH KUMAR SARKAR**
GR.-I RECORD SUPPLIER
DEPT: F & A

## WBPDCL Stars of the Month — November 2023

### Bakreswar Thermal Power Station



**BANU DUTTA**
MANAGER (PS)
DEPT: OPERATION



**SHYAMAL KUMAR SINHA**
SENIOR PHARMACIST
DEPT: MEDICAL

### Bandel Thermal Power Station



**BISWANATH BANDYOPADHYAY**
MANAGER (PS)
DEPT: OPERATION



**SINTU ROY**
OPERATOR/TECHNICIAN
DEPT: EM-IPH

### Kolaghat Thermal Power Station



**SUPRATIM BHATTACHARYA**
MANAGER (PS)
DEPT: EM-IPH




**ASHIS MAITI**
CHARGEMAN
DEPT: CHP (OPERATION)

### Sagardighi Thermal Power Project



**ANUPAM MALLICK**
MANAGER (HR & A)
DEPT: HR & A



**TEJ BAHADUR SINGH**
TECH. GRADE - I (PHM)
DEPT: MP

### Santaldih Thermal Power Station



**ANUP KUMAR MONDAL**
MANAGER (PS)
DEPT: STORE



**SK. SERIFUL ISLAM**
OPTR. / TECH. GRADE - I
DEPT: OPERATION

### Corporate Office



**ARNAB BANERJEE**
MANAGER (PS)
DEPT: R & M



**AMIT DAS**
OFFICE EXECUTIVE
DEPT: HR & A

# অবসর

## প্রিয় সহকর্মীবৃন্দ যাঁরা আমাদের প্রতিষ্ঠানে তাঁদের সুদীর্ঘ কর্মজীবন সম্পন্ন করলেন



*৩০ নভেম্বর, ২০২৩ সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পের টেকনিশিয়ান (সিএইচপি-অপারেশন), শ্রী সুনীল কোলে-কে অবসরকালীন বিদায় সংবর্ধনা দিচ্ছেন শ্রী সোমেন সরকার, ডেপুটি জেনারেল ম্যানেজার (এইচআর অ্যান্ড এ) সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প*



*৩০ ডিসেম্বর, ২০২৩ বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের ডেপুটি জেনারেল ম্যানেজার (ই অ্যান্ড এস), শ্রী সুমন সরকার-কে অবসরকালীন বিদায় সংবর্ধনার মুহূর্ত*



*৩১ ডিসেম্বর, ২০২৩ সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্পের ম্যানেজার, পিএস-অপারেশন (স্টেজ-২), শ্রী দীপক কুমার নস্কর -কে অবসরকালীন বিদায় সংবর্ধনা দিচ্ছেন শ্রী অলোক কুমার মাইতি, জেনারেল ম্যানেজার, সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প*

| নাম | পদ | কর্মস্থল | তারিখ |
|---|---|---|---|
| শুভেন্দু মিত্র | জেনারেল ম্যানেজার (সি) | কর্পোরেট | ৩১.১০.২০২৩ |
| অমিতাভ দাস | ম্যানেজার (পিএস) | বিকেটিপিএস | ৩১.১০.২০২৩ |
| ঋতিক কুমার শাসমল | জুনিয়র ম্যানেজার (ইউটিলিটি) | কেটিপিএস | ৩১.১০.২০২৩ |
| স্মরণ নন্দী | সিনিয়র ম্যানেজার (সি) | বিকেটিপিএস | ৩১.১০.২০২৩ |
| গোবিন্দ চন্দ্র বাগ | অপারেটর গ্রেড - ১ (ইউটিলিটি) | কেটিপিএস | ৩১.১০.২০২৩ |
| স্বপন মজুমদার | ম্যানেজার (পিএস) | কেটিপিএস | ৩১.১০.২০২৩ |
| জয়দেব বেরা | জুনিয়র ম্যানেজার (এফ অ্যান্ড এ) | কেটিপিএস | ৩০.১১.২০২৩ |
| জয়ন্ত পাল | ম্যানেজার (পিএস) | কর্পোরেট | ৩০.১১.২০২৩ |
| উপেন্দ্র সাহ | টেক - ১ (এইচইএম) | বিকেটিপিএস | ৩০.১১.২০২৩ |
| শিবাশিষ মণ্ডল | জুনিয়র ম্যানেজার (ইউটিলিটি) | কেটিপিএস | ৩০.১১.২০২৩ |
| পরেশ রায় | জুনিয়র ম্যানেজার (এইচইএম) | বিকেটিপিএস | ৩০.১১.২০২৩ |
| মধুমিতা ভট্টাচার্য | ডেপুটি জেনারেল ম্যানেজার (এফ অ্যান্ড এ) | কর্পোরেট | ৩০.১১.২০২৩ |
| নিমাই চন্দ্র মাজি | অপারেটর/টেক-১ | কেটিপিএস | ৩০.১১.২০২৩ |
| নগেন মাহাত | অপারেটর/টেক-১ | এসটিপিএস | ৩০.১১.২০২৩ |

| নাম | পদ | কর্মস্থল | তারিখ |
|---|---|---|---|
| নিরুপণ বোস | সিনিয়র ম্যানেজার (পিএস) | এসটিপিএস | ৩০.১১.২০২৩ |
| সুনীল কোলে | টেক-১ | এসজিপিপি | ৩০.১১.২০২৩ |
| নারায়ণ চন্দ্র পাল | অপারেটর গ্রেড-১ | বিটিপিএস | ৩০.১১.২০২৩ |
| সুমন সরকার | ডেপুটি জেনারেল ম্যানেজার (ইঞ্জিনিয়ারিং) | বিকেটিপিএস | ৩১.১২.২০২৩ |
| কাজল ভট্টাচার্য | সিনিয়র ম্যানেজার (পিএস) | এসটিপিএস | ৩১.১২.২০২৩ |
| প্রশান্ত কুমার ব্যানার্জী | ডেপুটি জেনারেল ম্যানেজার (ইঞ্জিনিয়ারিং) | এসটিপিএস | ৩১.১২.২০২৩ |
| সূর্য নাগ বংশী | জুনিয়র ম্যানেজার (এইচইএম) | বিটিপিএস | ৩১.১২.২০২৩ |
| দীপক কুমার নস্কর | ম্যানেজার (পিএস) | এসজিপিপি | ৩১.১২.২০২৩ |
| প্রদীপ বিশ্বাস | ম্যানেজার (সি) | এসটিপিএস | ৩১.১২.২০২৩ |
| অমল কুমার বাটুল | জুনিয়র ম্যানেজার (এইচইএম) | কেটিপিএস | ৩১.১২.২০২৩ |
| প্রসূন পাঁজা | ডেপুটি জেনারেল ম্যানেজার (আইটি) | কর্পোরেট | ৩১.১২.২০২৩ |
| অর্পিতা ভট্টাচার্য | অ্যাসিসটেন্ট টিচার | বিটিপিএস | ৩১.১২.২০২৩ |
| মৃণাল কান্তি রায় | জুনিয়র ম্যানেজার (ওএ) | বিকেটিপিএস | ৩১.১২.২০২৩ |
| মিতালি চট্টোপাধ্যায় | জুনিয়র ম্যানেজার (এইচআর অ্যান্ডএ) | বিটিপিএস | ৩১.১২.২০২৩ |


**প্রকাশক ঃ দেবকুমার গুপ্ত**, ডিরেক্টর (এফ অ্যান্ড এ) অ্যান্ড কোম্পানী সেক্রেটারী

**উপদেষ্টামন্ডলী ঃ উৎপল ভদ্র**, *আইএএস*, চিফ্ ভিজিলেন্স অফিসার, **সুব্রত মণ্ডল**, ডিরেক্টর (ও অ্যান্ড এম), **অসিত কুমার মুখার্জি**, ডিরেক্টর (প্রজেক্টস), **চঞ্চল গোস্বামী**, ডিরেক্টর (মাইনিং)

**সম্পাদকমন্ডলী ঃ অসীম রায়চৌধুরী**, জেনারেল ম্যানেজার (এইচআর অ্যান্ড এ অ্যান্ড সিসি), **আশীষ ভট্টাচার্য**, সিনিয়র ম্যানেজার (কেমিক্যাল), ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র, **দিলীপ দাস**, ডেপুটি জেনারেল ম্যানেজার (কিউএম), কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র, **রাজর্ষি চক্রবর্তী**, সিনিয়র ম্যানেজার (পিএস), বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র, **পূর্ণেন্দু শেখর সাঁকি**, সিনিয়র ম্যানেজার (পিএস), সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র, **আব্দুল ওয়াদুদ**, সিনিয়র ম্যানেজার (অপারেশন), সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প, **শ্রাবণী দে**, সিনিয়র ম্যানেজার (পিএস), কর্পোরেট অফিস, **প্রবাল রায়চৌধুরী**, সিনিয়র ম্যানেজার (পিএস), কর্পোরেট অফিস

**সহায়তায় ঃ চন্দন কুমার মাজি**, সিনিয়র ম্যানেজার (এইচআর অ্যান্ড এ), সাঁওতালডি তাপবিদ্যুৎ কেন্দ্র, **শর্মিষ্ঠা নাথ**, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এইচআর অ্যান্ড এ), ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র, **দেবজ্যোতি সামন্ত**, ম্যানেজার (এইচআর অ্যান্ড এ), কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র, **কল্যাণ বাউরী**, ম্যানেজার (এইচআর অ্যান্ড এ), বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র, **নূতন প্রিয়াঙ্কা এক্কা**, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এইচআর অ্যান্ড এ), সাগরদীঘি তাপবিদ্যুৎ প্রকল্প, **অস্মি চক্রবর্তী**, ম্যানেজার (কর্পোরেট কমিউনিকেশনস্), কর্পোরেট অফিস, **মোতালেব জামাদার**, মাস-কমিউনিকেশন এক্সপার্ট, কর্পোরেট অফিস

Designed & Printed by Frontway (15-03-2024)

দি ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড (কর্পোরেট আইডেনটিটি নং ঃ U40104WB1985SGC039154)-এর কর্পোরেট কমিউনিকেশনস্ বিভাগ কর্তৃক প্রচারিত